

# নিষিদ্ধ ছাত্রলীগের নেতাকে আটকাতে গিয়ে পাল্টা আক্রমণে সমন্বয়ক আহত

অনলাইন ডেস্ক

প্রকাশিত: ০১:৩৮, ২৬ জানুয়ারি ২০২৫



ছবি: সংগৃহীত

গোপালগঞ্জ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে নিষিদ্ধ ঘোষিত ছাত্রলীগের এক নেতাকে আটকাতে গিয়ে ছাত্রলীগ কর্মীদের পাল্টা আক্রমণে ওমর শরীফ নামে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের এক সমন্বয়ক আহত হয়েছেন। শনিবার (২৫ জানুয়ারি) দুপুর ২টার দিকে ক্যাম্পাসে এই ঘটনা ঘটে।

জানা গেছে, ইতিহাস বিভাগের ছাত্র ও নিষিদ্ধ ছাত্রলীগের নেতা শরিফুল ইসলাম সোহাগ পরীক্ষার পর ক্যাম্পাস থেকে বের হচ্ছিলেন। এ সময় সাধারণ শিক্ষার্থীদের সহায়তায় সমন্বয়করা তাকে আটক করে পুলিশের হাতে তুলে দিতে গেলে ছাত্রলীগের নেতাকর্মীরা তাদের ওপর পাল্টা হামলা চালায়।

হামলায় আহত ওমর শরীফ বলেন, "ছাত্রলীগ নেতা সোহাগকে পুলিশের হাতে তুলে দেওয়ার সময় তিনি এবং তার সঙ্গীরা হামলার শিকার হন।"

নাম প্রকাশে অনিচ্ছুক এক শিক্ষার্থী বলেন, "ওমর শরীফ ও তার কয়েকজন সঙ্গী সোহাগকে আটক করে কথা বলছিলেন। এ সময় সোহাগ, তার বিভাগের কিছু শিক্ষার্থী ও

সাবেক ছাত্রলীগের কয়েকজন মিলে ওমর শরীফের ওপর হামলা চালায়। এরপর কয়েক দফায় ছাত্রলীগ ও আন্দোলনকারীদের মধ্যে ধাওয়া-পাল্টা ধাওয়ার ঘটনা ঘটে।"

বিশ্ববিদ্যালয়ের পরিস্থিতি বর্তমানে থমথমে। এ বিষয়ে জানতে চাইলে গোবিপ্রবির প্রক্টর আরিফুজ্জামান রাজিব বলেন, "আমি বন্ধের দিনে ছুটিতে বাড়িতে আছি। শিক্ষার্থীদের কাছ থেকে ফোনে ঘটনা শুনেছি। বিশ্ববিদ্যালয়ে গিয়ে বিষয়টি দেখবো।"

ভিডিও দেখুন: <https://youtu.be/sH09mE-UPoE?si=Wj7zy8YByfaZtl7S>